

## সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৯]

৩/ ইলম বা জ্ঞান (كتاب العلم)

পরিচ্ছেদঃ ৯১। বুঝতে না পারার আশংকায় ইল্ম শিক্ষায় কোন এক গোত্র ছেড়ে আর এক গোত্র বেছে নেওয়া।

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، قَالَ حَدَّثَنَا مُعْتَمِرٌ، قَالَ سَمِعْتُ أَبِي قَالَ، سَمِعْتُ أَنَسًا، قَالَ ذُكِرَ لِي أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ لِمُعَادِ " مَنْ لَقِيَ اللَّهَ لاَ يُشْرِكُ بِهِ شَيْئًا دَخَلَ الْجَنَّةَ ". قَالَ أَبُشِرُ النَّاسَ قَالَ " لاَ، إِنِّي أَخَافُ أَنْ يَتَّكِلُوا ".

বাংলা

১৩১। মূসা'দ্দাদ (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমার কাছে বর্ণনা করা হয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মু'আয (রাঃ)-কে বলেছেনঃ যে ব্যাক্তি আল্লাহর সঙ্গে কোনরূপ শিরক না করে তাঁর সঙ্গে সাক্ষাৎ করবে সে জান্নাতে দাখিল হবে। (এ কথা শুনে) মু'আয (রাঃ) বললেন, 'আমি কি লোকদের সুসংবাদ দেব না?' তিনি বললেন, 'না, আমার আশংকা হচ্ছে যে, তারা এর উপরই ভরসা করে বসে থাকবে।'

## **English**

Whoever selected some people to teach them (religious) knowledge preferring them over others for fear that the others may not understand it

Narrated Anas: I was informed that the Prophet (sallallahu 'alaihi wa sallam) had said to Mu`adh, "Whosoever will meet Allah without associating anything in worship with Him will go to Paradise." Mu`adh asked the Prophet, "Should I not inform the people of this good news?" The Prophet (sallallahu 'alaihi wa sallam) replied, "No, I am afraid, lest they should depend upon it (absolutely).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবন মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন